দৈনিক ইনকিলাব

তারিখ 04 MAY 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

118

# এবারের এসএসসি পরীক্ষা

দেশের ৪টি মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চলতি সালের এসএসসি পরীক্ষা গত সোমবার থেকে শুরু হয়েছে। এ বছর ৪টি শিক্ষা বোর্ডের ৬ লাখ ৯২ হাজার ৭শ' ৪১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করছে বলে জানা গেছে। এ বছর এই প্রথমবারের মত কম্পিউটার পদ্ধতিতে এসএসসি পরীক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করে। কিন্তু, কম্পিউটার পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠানের কারণে উত্তর দিতে অসুবিধা হওয়া ছাড়া কোথাও কোন বিশৃংখলা হয়েছে বলে কোন খবর পাওয়া যায়নি। তবে, প্রথম দিনের বাংলা প্রশ্নপত্রে ৪ বোর্ডের মধ্যে অসদুপায় অবলম্বনের দায়ে প্রায় ৫শ' পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে বলে খবর পাওয়া গেছে।

এদিকে বেসরকারী শিক্ষক ধর্মঘটের কারণে এবার পরীক্ষা গ্রহণের জন্য সরকারী কলেজ শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক এবং সরকারী কর্মকর্তা-কর্মচারীদের নিয়োগ করা হয়েছে। কোন কোন স্থানে বেসরকারী শিক্ষকরাও পরীক্ষা গ্রহণের দায়িত্ব পালন করেছেন। এমনকি, কোন কোন পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় গণটোকাটুকির খবর পাওয়া গেছে।

এদিকে প্রাপ্ত সংবাদে জানা যায় যে, বিশেষ কড়া পুলিশী প্রহরাধীনে নরসিংদীর ২০টি পরীক্ষা কেন্দ্রে এসএসসি পরীক্ষা শুরু হয়। এসব কেন্দ্র থেকে ৮ জন পরীক্ষার্থী বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে। এছাড়া ঢাকা বোর্ডের ১৭টি জেলা থেকে ৭২ জন, কুমিল্লা বোর্ডের ১৩টি কেন্দ্র থেকে ৭৯ জন, রাজশাহী বোর্ডের ১৩টি কেন্দ্র থেকে ২শ' ১১ জন এবং যশোর বোর্ডের ৬টি কেন্দ্র থেকে ৯ জনকে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কার করা হয়েছে।

রাজশাহী থেকে প্রাপ্ত তথ্যে আরো জানা যায় যে, এসএসসি পরীক্ষার প্রথম দিন শান্তিপূর্ণভাবে অতিবাহিত হয়েছে। সরকারী ও বেসরকারী স্কুলের সকল কেন্দ্রেই নির্বিঘ্নে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। তবে, স্কুল শিক্ষকদের একাংশ এবং সরকারী কলেজের শিক্ষকরা পরীক্ষা গ্রহণে সহায়তা করছে। এদিকে রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে ১শ' ৬৬টি কেন্দ্রে কম্পিউটার পদ্ধতিতে না-কি পরীক্ষা গ্রহণ করছে। ফলে, অধিকাংশ পরীক্ষার্থীই বিড়ম্বনার শিকার হয়ে ভুল করছে বলে জানা গেছে।

এদিকে যশোর বোর্ড থেকে প্রাপ্ত তথ্যে জানা যায় যে, এসএসসি পরীক্ষার প্রথম দিন বাংলা প্রথম পত্রের পরীক্ষায় যশোর বোর্ডের বিভিন্ন কেন্দ্রে নকলের ছড়াছড়ি লক্ষ্য করা গেছে। বেসরকারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ ধর্মঘটে থাকায় কোথাও কোথাও চাপরাসী, পিয়নরাও ছাত্র-ছাত্রীদের পরীক্ষা গ্রহণ করতে দেখা গেছে। এমনকি, কোন কোন কেন্দ্রে ছাত্র-ছাত্রীদের নকল করতে দেখেও কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি বলে অভিযোগ পাওয়া গেছে। এছাড়া, বরিশাল থেকে প্রাপ্ত তথ্যে জানা গেছে যে, বরিশাল জেলার ১৬টি মূল কেন্দ্রসহ ২১টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ৫টি কেন্দ্রে সরকারী কলেজের শিক্ষক ও ২টি কেন্দ্রে আন্দোলনরত স্কুলের শিক্ষকগণ পরীক্ষা গ্রহণ করেন।

বিভিন্ন এলাকা থেকে প্রাপ্ত তথ্যে আরো জানা যায় যে, ৪টি বোর্ডের সর্বত্র এসএসসি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হচ্ছে। কোন কোন ক্ষেত্রে পরীক্ষার্থীদের অভিভাবকরা প্রয়োজনীয় সহযোগিতা দিয়ে চলেছে। এভাবে সকল মহল যদি নিয়মমাফিক পরীক্ষার্থীদের প্রয়োজনীয় সহযোগিতা করেন, তাহলে এবারের এসএসসি পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হবে বলেই আশা করা যায়।

STATISTICS
SYSTEM
SHEET — OF — SHEETS